

B.A. 3rd Semester (General) Examination, 2023 (CBCS)

9962

বিষয় : বাংলা

Course : CC-1C/GE-3

সময় : ৩ ঘণ্টা

পূর্ণমান : ৬০

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নের মান নির্দেশক।
পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দিতে হবে।

১। যে কোনো দশটি প্রশ্নের উত্তর দাও :

২×১০=২০

- (ক) চর্যাপদ কী নামে এবং কোথা থেকে প্রথম প্রকাশিত হয়েছিল?
- (খ) বাংলা মহাভারতের শ্রেষ্ঠ অনুবাদক কে? তাঁর অনূদিত গ্রন্থটির প্রকৃত নাম কী?
- (গ) ভারতচন্দ্র-রচিত 'অন্নদামঙ্গল'-এর অন্তর্গত যে কোনো দুটি উপাখ্যানের নাম লেখো।
- (ঘ) 'দ্বিতীয় বিদ্যাপতি' নামে কে পরিচিত? কোন পর্যায়ের পদ রচনায় তিনি সর্বাধিক সিদ্ধি অর্জন করেছিলেন?
- (ঙ) ফোর্ট উইলিয়াম কলেজ কবে স্থাপিত হয়? উইলিয়াম কেরি রচিত একটি গদ্যগ্রন্থের নাম লেখো।
- (চ) 'বেদান্ত গ্রন্থ'-র প্রকাশকাল-সহ লেখকের নাম লেখো।
- (ছ) বিধবাবিবাহ সম্পর্কিত বিদ্যাসাগর-রচিত মৌলিক প্রবন্ধগ্রন্থটির নাম প্রকাশকাল-সহ লেখো।
- (জ) 'বন্দে-মাতরম্'— সংগীতটি কোন উপন্যাসের অন্তর্গত? উপন্যাসটির লেখক কে?
- (ঝ) শরৎচন্দ্র-রচিত প্রথম উপন্যাসটির নাম প্রকাশকাল-সহ লেখো।
- (ঞ) মধুসূদন-রচিত প্রহসন দুটির নাম লেখো।
- (ট) গিরিশচন্দ্র-রচিত দুটি পৌরাণিক নাটকের নাম প্রকাশকাল-সহ লেখো।
- (ঠ) 'নবান্ন' নাটকটি কার রচিত? কোন পত্রিকায় এটি ধারাবাহিকভাবে প্রকাশিত হয়েছিল?
- (ড) রবীন্দ্রনাথের 'তিনসঙ্গী'-র অন্তর্গত যেকোনো দুটি গল্পের নাম লেখো।
- (ঢ) বঙ্গভঙ্গ ও স্বদেশি আন্দোলনের প্রেক্ষাপটে বঙ্গনারীর উদ্দেশে রামেন্দ্রসুন্দর রচিত প্রবন্ধটির নাম প্রকাশকাল-সহ লেখো।
- (ণ) 'নীরা' কোন কবির মানসপ্রতিমা? 'নীরা'-কে নিয়ে লেখা তাঁর প্রথম কাব্যগ্রন্থটির নাম কী?

২। যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাও :

৫×৪=২০

- (ক) 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যের সাহিত্যমূল্য বিচার করো।
- (খ) মুকুন্দ চক্রবর্তীর লেখা চণ্ডীমঙ্গল কাব্যটির নাম কী? কাব্যটির বিশেষত্ব সংক্ষেপে লেখো।
- (গ) বাংলা গদ্যের বিকাশে রামমোহন রায়ের কৃতিত্ব আলোচনা করো।
- (ঘ) বাংলা নাট্যসাহিত্যে বিজন ভট্টাচার্যের অবদান সংক্ষেপে আলোচনা করো।
- (ঙ) প্রাবন্ধিক রূপে রামেন্দ্রসুন্দর ত্রিবেদীর অবদান সংক্ষেপে আলোচনা করো।
- (চ) আধুনিক কবিতা রচনায় জীবনানন্দ দাশের কৃতিত্ব সংক্ষেপে আলোচনা করো।

৩। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও :

- (ক) বাংলা সাহিত্যে 'অভিনব জয়দেব' কে? তাঁর কবিকৃতিত্ব আলোচনা করো।
 - (খ) বাংলা গদ্য রচনায় বিদ্যাসাগরের অবদান আলোচনা করো।
 - (গ) ঔপন্যাসিক বঙ্কিমচন্দ্রের পরিচয় দাও।
 - (ঘ) বাংলা ছোটগল্পকার রূপে রবীন্দ্রনাথের অবদান আলোচনা করো।
-